দৈনিক বর্তমান The Daily Bartoman
আমরা সত্যের অনুসারী
শনিবার
ঢাকা ১৫ মার্চ ২০১৪ ১ চৈত্র ১৪২০

Date- 15 March 2014, Page- 2nd

মাহাথির বিন মোহাম্মদ আসছেন আজ

বর্তমান প্রতিবেদক

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী তুন ড. মাহাথির মোহাম্মদ আজ শনিবার ঢাকায় আসছেন। ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস) এর দ্বিতীয় সমাবর্তনে যোগ দেবেন তিনি। আজ সকালে মাহাথির মোহাম্মদ ঢাকায় পৌঁছবেন।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিকাল ৩টায় ইউআইটিএসের সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে থাকবেন মাহাথির বিন মোহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি আবদুল হামিদ। পরে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন মাহাথির বিন মোহাম্মদ। রবিবার তার ঢাকা ত্যাগ করার কথা রয়েছে।